# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯২১

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

### আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ يَرْفَعُهُ قَالَ: ثَلَاثَةٌ يُحِبُّهُمُ اللَّهُ: رَجُلٌ قَامَ مِنَ اللَّيْلِ يَتْلُوا كِتَابَ اللَّهِ وَرَجُلٌ يَتَصَدَّقُ بِصَدَقَةٍ بِيَمِينِهِ يُخْفِيهَا أُرَاهُ قَالَ: مِنْ شِمَالِهِ وَرَجُلٌ كَانَ فِي سَرِيَّةٍ فَانْهَزَمَ أَصْحَابُهُ فَاسْتَقْبَلَ الْعَدُوَّ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَيْرُ مَحْفُوظٍ أَحَدُ رُوَاتِهِ أَبُو بكر بن عَيَّاش كثير الْغَلَط

### বাংলা

১৯২১-[৩৪] ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নাম করে বলেন যে, তিন ব্যক্তিকে আল্লাহ ভালবাসেন- (১) যে রাতে উঠে আল্লাহর কিতাব পাঠ করে, (২) যে ডান হাতে কিছু দান করে এবং গোপন রাখে। বর্ণনাকারী বলেন, আমি মনে করি, তিনি বলেছেন- আপন বাম হাত থেকে (গোপন রাখে) এবং (৩) যে ব্যক্তি সৈন্যদলে থাকাবস্থায় তার সহচরগণ পরাজিত হলেও সে শত্রুর দিকে অগ্রসর হলো (এবং তাদেরকে পরাজিত করল অথবা শাহীদ হলো)। (তিরমিযী; তিনি একে গায়রে মাহফূয বা শায বলেছেন। এর একজন বর্ণনাকারী আবূ বকর ইবনু ’আইয়্যাশ বেশ ভুল করতেন। [কিন্তু অপর সানাদ অনুসারে এটা সহীহ])[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আত্ তিরমিযী ২৫৬৭, য‘ঈফ আল জামি‘ আস্ সগীর ২৬০৯। কারণ এর সানাদে আবূ বাকর ইবনু ‘আইয়্যাশ একজন বেশি বেশি ভুলকারী রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: যে তিন ব্যক্তিকে আল্লাহ ভালবাসেন তারা হলেন, (এক) ঐ ব্যক্তি যিনি রাতে তাহাজ্জুদের জন্য উঠে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেন এবং সালাতে ও সালাতের বাইরে কুরআন তিলাওয়াত করেন; (দুই) আল্লাহর অধিক ভালবাসা এবং সন্তুষ্টি পাওয়ার উদ্দেশে লোক দেখানো (রিয়া) ও লোক শুনানো (সুম্‘আহ্)-এর

গুনাহের ভয়ে সর্বোচ্চ গোপনীয়তার সাথে এমনভাবে দান করে যে দান ডান হাত করে কিন্তু বাম হাত জানে না। উল্লেখ্য যে, অত্র হাদীস দ্বারা ডান হাত দ্বারা দান-সদাক্বাহ্ (সাদাকা) করাকে উত্তম শিষ্টাচার হিসেবে বুঝানো হয়েছে। (তিন) ঐ ব্যক্তি যে কোন ছোট সৈন্য বাহিনীর সদস্য হয়ে যুদ্ধ করছে এবং এক পর্যায়ে তার বাকী সৈন্য-সাথীরা পরাজয় বরণ করলেও তিনি আল্লাহর বাণীকে বিজয়ী করতে একাই যুদ্ধ চালিয়ে সামনের শত্রুদের দিকে অগ্রসর হন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56481

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন